**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ইন্সট্রাক্টর এর কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নংঃ ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০১০.২৩-৫৯

তারিখঃ ১৯ আশ্বিন, ১৪৩০
০৪ অক্টোবর, ২০২৩

**বিষয় ঃ শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণে ডেপুটেশন প্রদান প্রসঙ্গে।**

সুত্র ঃ ১। ৩৮.০১.০০০০.৬০১.৯৯.০০৩.২৩.১৪৬, তারিখ ঃ ১৪/০৯/২০২৩ খ্রিঃ।
২। ৩৮.০১.০০০০.৬০০.০২.০১০.২৩.১০২, তারিখ ঃ ০৪/১০/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয় এর ১ নং সূত্রের নির্দেশনা মোতাবেক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ২ নং সূত্র (সংযুক্ত নীতিমালা) অনুযায়ী ৬ষ্ঠ ব্যাচ থেকে ১৯তম ব্যাচ পর্যন্ত প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী, একজন সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে সহায়ক কর্মকর্তা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে মাষ্টার ট্রেইনার/কি ট্রেইনার প্রশিক্ষণপ্রাপ্ত ১ জন প্রশিক্ষক ডেপুটেশন প্রদান ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ব্যাচ নং | তারিখ | ব্যাচ নং | তারিখ | ব্যাচ নং | তারিখ |
|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ০৭/১০/২০২৩ খ্রি. থেকে ০৯/১০/২০২৩ খ্রি. | ১১তম | ২৫/১০/২০২৩ খ্রি. থেকে ২৭/১০/২০২৩ খ্রি. | ১৬তম | ১১/১১/২০২৩ খ্রি. থেকে ১৩/১১/২০২৩ খ্রি. |
| ৭ম | ১০/১০/২০২৩ খ্রি. থেকে ১২/১০/২০২৩ খ্রি. | ১২তম | ২৮/১০/২০২৩ খ্রি. থেকে ৩০/১০/২০২৩ খ্রি. | ১৭তম | ১৪/১১/২০২৩ খ্রি. থেকে ১৬/১১/২০২৩ খ্রি. |
| ৮ম | ১৪/১০/২০২৩ খ্রি. থেকে ১৬/১০/২০২৩ খ্রি. | ১৩তম | ৩১/১০/২০২৩ খ্রি. থেকে ০২/১১/২০২৩ খ্রি. | ১৮তম | ১৮/১১/২০২৩ খ্রি. থেকে ২০/১১/২০২৩ খ্রি. |
| ৯ম | ১৭/১০/২০২৩ খ্রি. থেকে ১৯/১০/২০২৩ খ্রি. | ১৪তম | ০৪/১১/২০২৩ খ্রি. থেকে ০৬/১১/২০২৩ খ্রি. | ১৯তম | ২১/১১/২০২৩ খ্রি. থেকে ২৩/১১/২০২৩ খ্রি. |
| ১০তম | ২১/১০/২০২৩ খ্রি. থেকে ২৩/১০/২০২৩ খ্রি. | ১৫তম | ০৭/১১/২০২৩ খ্রি. থেকে ০৯/১১/২০২৩ খ্রি. | | |

সংযুক্ত : নীতিমালা- ৪ পাতা

উপজেলা শিক্ষা অফিসার
কাহালু, বগুড়া।

(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

স্মারক নংঃ ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০১০.২৩-৫৯(১০)

তারিখঃ ১৯ আশ্বিন, ১৪৩০
০৪ অক্টোবর, ২০২৩

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪. সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল), কাহালু, বগুড়া।
৭. অফিস কপি।

(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.০২.০১০.২৩.১০২

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

বিষয়: **প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ইউআরসি/টিআরসিতে ০৩ (তিন) দিনব্যাপি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে শুরু হয়েছে এবং এ লক্ষ্যে ইতোমধ্যে তাঁর অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে। ইতোপূর্বে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.৬০১.৯৯.০০৩.২৩-১৪৬ সংখ্যক স্মারকে প্রেরিত নির্দেশনার পরিবর্তে নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক যথাযথভাবে বর্ণিত প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

১. বর্ণিত প্রশিক্ষণটি সাপ্তাহিক ছুটির দিনে (শুক্র ও শনিবার) চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।
২. প্রশিক্ষণসূচি ও বাজেট বিভাজন যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
৩. প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৪. ২০২৩-২৪ সনে নতুনভাবে প্রণীত শিক্ষকগণের জন্য শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ ম্যনুয়াল ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন।
৫. প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনলাইন প্লাটফর্ম মুক্তপাঠে 'জাতীয় শিক্ষাক্রম ২০২১ (প্রাথমিক স্তর)' প্রশিক্ষণ সম্পন্ন করে সার্টিফিকেট সংগ্রহকারী শিক্ষকগণ এ প্রশিক্ষণটি করতে পারবেন। প্রশিক্ষণের প্রতিব্যাচে ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন।
৬. উপজেলা/ থানা শিক্ষা অফিসার পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে সংযুক্ত এবং শিশুকল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে যথাযথ নির্দেশনা অনুসরণ করে এ প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করবেন।
৭. কোনক্রমেই একটি বিদ্যালয় হতে একইব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না এবং একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।
৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন শিক্ষকের নাম, পদবি ও মোবাইল নম্বর এবং অনলাইন প্লাটফর্ম-মুক্তপাঠে প্রশিক্ষণ সম্পন্নের সার্টিফিকেট ও অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক ব্যাচওয়ারী শিক্ষক মনোনয়ন ও ডেপুটেশন প্রদান করবেন। উপজেলা শিক্ষা অফিসার যথানিয়মে PEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রি নিশ্চিত করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।
৯. ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ PEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক তথ্য এন্ট্রি যাচাইপূর্বক নিশ্চিত করবেন।
১০. প্রশিক্ষণের প্রতিব্যাচে ০২ (দুই) জন প্রশিক্ষক দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষকগণকে অবশ্যই ২০২৩ সনে আয়োজিত

প্রাথমিক স্তরের জাতীয় শিক্ষাক্রম বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত (এনসিটিবি এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনার/কী ট্রেইনার) হতে হবে।

১১. প্রতিব্যাচের জন্য উপজেলা/থানা শিক্ষা অফিসার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সাথে আলোচনা করে প্রশিক্ষণপ্রাপ্ত এডিপিইও, ডিডি অফিসে সংযুক্ত শিক্ষা অফিসার, উপজেলা/থানা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারদের মধ্য হতে ০১ (এক) জন প্রশিক্ষক মনোনয়ন দিবেন।

১২. প্রতিব্যাচের জন্য ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর পিটিআই সুপারিনটেনডেন্টের সাথে আলোচনা করে জেলাধীন (নিয়ন্ত্রণাধীন) প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী সুপারিনটেনডেন্ট, ইন্সট্রাক্টর (পিটিআই), ইন্সট্রাক্টর (ইউআরসি/টিআরসি) ও সহকারী ইন্সট্রাক্টরদের মধ্য হতে ০১ (এক) জন প্রশিক্ষক মনোনয়ন দিবেন।

১৩. দ্রুত সময়ের মধ্যে অধিক ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করার তাগিদে, অতিরিক্ত প্রশিক্ষণকক্ষের সুবিধা থাকা সাপেক্ষে একইসাথে একাধিক ব্যাচে প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা করা যেতে পারে।

১৪. সাধারণতঃ একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচে প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না। তবে, প্রশিক্ষক স্বল্পতা ও একাধিক ব্যাচ একসাথে পরিচালনার প্রয়োজনে একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচে প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন।

১৫. প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১৬. ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে ও সহকারী ইন্সট্রাক্টর সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে, কোর্স কো-অর্ডিনেটর বা সহায়ক কর্মকর্তা প্রশিক্ষকের দায়িত্ব পালন করলে তিনি উক্ত দায়িত্বের কেবলমাত্র সম্মানীর অংশটুকু ভোগ করতে পারবেন।

১৭. প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়নে সহায়ক কর্মকর্তার আবশ্যকতা বিবেচনায় যেসকল ইউআরসি/টিআরসিতে সহকারী ইন্সট্রাক্টরের পদ শূন্য রয়েছে সেসকল স্থানে উপজেলা/থানা শিক্ষা অফিসের একজন কর্মকর্তা (উপজেলা/থানা শিক্ষা অফিসারের অনুমোদনক্রমে) ব্যাচওয়ারী প্রশিক্ষণের সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

১৮. প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী যেকোনো সময় উপজেলা, জেলা, বিভাগ, অধিদপ্তর ও মন্ত্রণালয়ের মেন্টরগণ প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন।

১৯. প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়নপূর্বক মূল্যায়ন প্রতিবেদন নিজ দপ্তরে সংরক্ষণ করবেন এবং সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

২০. বাজেট বিভাজনের ৬ নং ক্রমিকে উল্লেখিত প্রশিক্ষণ উপকরণ খাতের বরাদ্দ হতে প্যাড, কলম, পেন্সিল, সার্পনার, ইরেজার, নেম কার্ডসহ তথ্যপত্র (শিক্ষাক্রম ২০২১ এর জেনেরিক পার্ট; আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রমের নমুনা; প্রশিক্ষণ ম্যানুয়াল ও অনলাইন প্রশিক্ষণে ব্যবহৃত তথ্যপত্র; এনসিটিবি কর্তৃক প্রণীত ধারাবাহিক মূল্যায়নের নির্দেশনা ও অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ধারাবাহিক মূল্যায়ন স্পষ্টিকরণ পত্র ও ডায়েরি-১ ও ২ ব্যবহার নির্দেশাবলী) প্রিন্ট/ফটোকপি করে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সরবরাহ করতে হবে। তাছাড়া, প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রয়োজনীয় পোস্টার পেপার, ভিপকার্ড, মার্কার, সাইন পেন ও অন্যান্য উপকরণ একই খাতের বরাদ্দ হতে ব্যয় করবেন।

২১. অর্থিক বিধিবিধান অনুযায়ী ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। যে কোনো আর্থিক অনিয়মের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

২২. প্রশিক্ষণ সমাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে পদবি ও জেন্ডারভেদে প্রশিক্ষণার্থীর সংখ্যা এবং প্রশিক্ষকের নাম, পদবি, কর্মস্থল, মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা উল্লেখপূর্বক প্রশিক্ষণের বিস্তারিত প্রতিবেদনসহ ব্যয় বিবরণী (SOE) পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

২৩. ৫১৩টি উপজেলা/থানার প্রশিক্ষণ ব্যয় পিইডিপি৪ এর অর্থায়নে (GO এবং ibas++ অনুযায়ী) ৫০৫টি উপজেলা/থানা রিসোর্স সেন্টারে সম্পন্ন হবে।

২৪. নবসৃষ্ট নিম্নোক্ত উপজেলার শিক্ষকগণের প্রশিক্ষণ ব্যয় নিম্নে বর্ণিত সাবেক উপজেলায় প্রেরণ করা হয়েছে। তাই নবসৃষ্ট

উপজেলাসমুহের শিক্ষকগণ সংশ্লিষ্ট সাবেক উপজেলা হতে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এক্ষেত্রে ইউআরসি ইন্সট্রাক্টর উভয় উপজেলার উপজেলা শিক্ষা অফিসারের সাথে সমন্বয়পূর্বক ব্যাচ এর শিক্ষক নির্বাচন করবেন।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা : | চট্রগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | বরগুনা | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
| নবসৃষ্ট উপজেলা : | কর্নফুলী | গুইমারা | লালমাই | নলডাংগা | তালতলী | শায়েস্তাগঞ্জ | ওসমানীনগর | তারাকান্দা |
| সাবেক উপজেলা : | পটিয়া | মাটিরাঙ্গা | লাকসাম | সদর | আমতলী | সদর | বালাগঞ্জ | ফুলপুর |

সংযুক্তি:

১. বাজেট বিভাজন
২. অর্থ বরাদ্দের GO কপি
৩.ম্যানুয়ালের সফট কপি
৪. এনসিটিবি কর্তৃক প্রশিক্ষিত মাস্টার (Master) ট্রেইনার ও কী (Key) ট্রেইনারগণের নামের তালিকা

৪-১০-২০২৩
শাহীনুর শাহীন খান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ফ্যাক্স: 02-9038122
ইমেইল: dirtraindpe@gmail.com

ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.০২.০১০.২৩.১০২/১(১২৪)

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০
০৪ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, প্রশাসন/ পলিসি ও অপারেশন/ পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও সংগ্রহ/ মনি: ও মূল্যা/প্রকিউরমেন্ট/ইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা
২) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .................. (সকল) জেলা (সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৫) সুপারিনটেনডেন্ট.................. (সকল) পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)
৬) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.................. (সকল জেলা)
৭) উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা).............. উপজেলা/ থানা......................জেলা (যথাসময়ে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে এবং ১ জন প্রশিক্ষক মনোনয়ন প্রদানের অনুরোধসহ)
৮) উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল উপজেলা/থানা)............................উপজেলা/ থানা...................... জেলা

৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১০) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১) অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২) অফিস কপি

৪-১০-২০২৩
শাহীনুর শাহীন খান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)